

স/স
৫(নিউ) website ও
দেশের ব্যবহার
15.04.2026



International
Brain Bee

বাংলাদেশ ব্রেইন বি প্রতিযোগিতা ২০২৬

ঢাকা, বাংলাদেশ

<https://brainbeebd.site/>


তারিখঃ ১২/০৪/২০২৬ইং

বিষয়: বাংলাদেশ ব্রেইন বি প্রতিযোগিতা ২০২৬ এর প্রকাশিত বিজ্ঞপ্তি বহুল প্রচারের নিমিত্ত দেশের সকল স্কুল/কলেজের নোটিশ বোর্ডে প্রদর্শনের নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আন্তর্জাতিক ব্রেইন বি (IBB) এর আনুষ্ঠানিক সহযোগিতায় বাংলাদেশে প্রথমবারের মতো ‘বাংলাদেশ ব্রেইন বি প্রতিযোগিতা-২০২৬’ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ আয়োজনের মাধ্যমে দেশব্যাপী স্কুল ও কলেজের শিক্ষার্থীদের অংশগ্রহণে নিউরোসায়েন্স (Neuroscience), জেনারেল সায়েন্স এবং আইকিউ (IQ) বিষয়ক প্রতিযোগিতার ব্যবস্থা করা হয়েছে। দুই ধাপে প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হবে — অনলাইন সিলেকশন রাউন্ড এবং অফলাইন গ্র্যান্ড ফাইনাল। এ প্রতিযোগিতার বিজয়ী আন্তর্জাতিক ব্রেইন বি ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপে বাংলাদেশকে প্রতিনিধিত্ব করার সুযোগ পাবে।

এ লক্ষ্যে অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত ওয়েবসাইট <https://brainbeebd.site/register> এ প্রবেশ করে রেজিস্ট্রেশন করা যাবে। তাছাড়া স্মার্টফোনের মাধ্যমে সরাসরি QR Code স্ক্যান করেও রেজিস্ট্রেশন ফরম পূরণ করা যাবে। ওয়েবসাইট থেকে প্রাপ্ত ইউনিক কোড নিয়ে নির্দিষ্ট দোকানে গিয়ে রেজিস্ট্রেশন ফি জমা দিলে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন হবে। রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার পর কনফার্মেশন সংগ্রহ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন না করলে প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ বাতিল বলে গণ্য হবে।

বর্ণিত অবস্থায়, দেশের সকল স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে ‘বাংলাদেশ ব্রেইন বি প্রতিযোগিতা-২০২৬’ শীর্ষক বিজ্ঞপ্তিটি স্কুল/কলেজ সমূহের নোটিশ বোর্ডে প্রদর্শন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।



Chimney
12/04/2026

চিম্নয় পাল

আহ্বায়ক, বাংলাদেশ ব্রেইন বি

বিতরণ:

- ১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ;
- ২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ;

INTERNATIONAL BRAIN BEE ~~X~~ BANGLADESH BRAIN BEE

CATEGORY:

- Class :9-10(SSC-26)
- Class: 11-12(HSC-26)

SEGMENT:

- NEURO SCIENCE
- GENERAL SCIENCE
- IQ

PRIZES:

- CREST
- MEDAL
- CERTIFICATE
- MANY MORE



1st

DHULIKONA AND OVILASHI PRESENT

BaNGLaDeSH

Brain Bee
Competition



SCAN NOW

Powered by:



International
Brain Bee



DHULIKONA